

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.sylhet.gov.bd

এপ্রিল ২০১৮ মাসের এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : নুমেরী জামান
জেলা প্রশাসক, সিলেট।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ১৫ এপ্রিল ২০১৮ খ্রিঃ, বিকাল ৩.৩০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য ও অভিযোগ শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।


ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	জনাব মো: কামাল হোসেন, প্রতিনিধি, সীমান্তিক বলেন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম সিলেট জেলার বালাগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, গোলাপগঞ্জ, কানাইঘাট, গোয়াইনঘাট, বিয়ানীবাজার উপজেলায় কমিউনিটি মবিলাইজেশন নতুন দিন কর্মসূচি চলমান রয়েছে। এছাড়া সিলেট সিটি কর্পোরেশনে পরিবার পরিকল্পনা কার্যক্রম চলতি মাস হতে পুনরায় শুরু হয়েছে মর্মে তিনি সভাকে জানান।	কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সীমান্তিক
০২।	জনাব চৌধুরী মো: কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি বলেন, সিআরপি প্রতিবন্ধি ব্যক্তিদের চিকিৎসা, পুনর্বাসন এবং জীবনমান উন্নয়নে কাজ করছে। এছাড়া বিগত মার্চ/২০১৮ মাসে সিআরপি সিলেট শাখায় ৭৯ জন রোগীকে ১০৫৬টি এপয়েন্টমেন্ট এর মাধ্যমে বিভিন্ন ধরনের চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিআরপি
০৩।	জনাব তামান্না আহমদ, প্রকল্প ব্যবস্থাপক, আইডিয়া জানান, তার সংস্থার কর্মজীবী শিশু শিক্ষা প্রকল্পের আওতায় সিলেট সিটি কর্পোরেশনে ১০টি শিক্ষা কেন্দ্র নিয়ে কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং বিগত মাসে ৪০০ শিশুকে শিক্ষা উপকরণ ও উপবৃত্তি প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, সিলেট জেলার টুলটিকর ও টুকেরবাজার ইউনিয়নের শেভরন গ্যাস উত্তোলন এলাকায় সুবিধাবঞ্চিত মানুষের জন্য কাজ করছে এবং বিগত মাসে মাসিক সমন্বয় মিটিং অনুষ্ঠিত হয়েছে। এছাড়া গোয়াইনঘাট উপজেলায় সমষ্টি প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।	কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হবে।	আইডিয়া
০৪।	জনাব মশিউর রহমান, প্রশিক্ষণ সমন্বয়কারী, সুইসকন্টাক্ট, বলেন, বিগত মাসে সিলেট সদর উপজেলায় বিটিটিডিসি, মদিনা মার্কেট, পাঠানটুলা ও খাদিমপাড়া ইউনিয়ন পরিষদের মধ্যে প্রশিক্ষণার্থী নির্বাচন ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত নির্বাচনী ক্যাম্পের মাধ্যমে দক্ষতা প্রশিক্ষণের সুযোগ ও সুবিধা সম্পর্কে কমিউনিটির সদস্যদের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করে এবং প্রকল্পের বিধি মোতাবেক বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণের জন্য ৩১ জন প্রশিক্ষণার্থী বিশেষ করে বেকার ও সুবিধা বঞ্চিত যুবাদের প্রশিক্ষণার্থী হিসেবে নির্বাচন করা হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সুইসকন্টাক্ট
০৫।	জনাব আবুল কালাম আযাদ, নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন বলেন, বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এর আর্থিক সহায়তায় ৩২ জনকে বিনা টাকায় ফ্রি কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য সাতটি বিষয়ে কারিগরি প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	রাইজ ফাউন্ডেশন

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬।	জনাব মো: ফারুক আহমদ, পরিচালক প্রোগ্রাম, জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা বলেন, গোয়াইনঘাট উপজেলার ১২৪টি সরকারী প্রাইমারী স্কুলের ছাত্র-ছাত্রীকে দৈনিক ৭৫ গ্রাম ওজনের হাই এনার্জি বিস্কুট বিতরণ করা হচ্ছে। মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় গোয়াইনঘাট উপজেলায় ১৮,০০০ শিক্ষার্থী, ৬০০ শিক্ষক-শিক্ষিকা ও ১৫ জন সুপারভাইজার নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করে কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা
০৭।	জনাব মো: কবির হোসেন, শাখা ব্যবস্থাপক, বুরো-বাংলাদেশ বলেন, বিগত মাসে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার পাশাপাশি এস.এম.ই কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং স্বল্প আয়ভুক্ত পেশাজীবীদের বেতনের বিপরীতে মাসিক কিস্তিতে ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া রেমিট্যান্স কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	বুরো-বাংলাদেশ
০৮।	জনাব বাবুল কুমার সিনহা, প্রোগ্রাম অর্গানাইজার, রিলায়েন্ট উইমেন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন বলেন, H.R.F ও R. W.D.O সংস্থার যৌথ উদ্যোগে লাক্কাতুরা চা বাগান ও মালনীছড়া চা বাগান, সিলেট এ ২টি প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্রের কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি আরো বলেন, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায় সিলেট সিটি কর্পোরেশনের কয়েকটি ওয়ার্ডে “কর্মজীবী মহিলা ল্যাকটেটিং মাদার” কর্মসূচী অব্যাহত রয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	রিলায়েন্ট উইমেন ডেভেলপমেন্ট অর্গানাইজেশন
০৯।	জনাব ফিলিপ সমদ্রার, সহকারী ইউনিটম্যানেজার, আরএইচস্টেপ-আলোর ধারা বলেন, কর্মএলাকায় খানা পরিদর্শন ২৬১টি, যুব কিশোর-কিশোরীদের ওরিয়েন্টেশন এসআরএইচআর বিষয়ক ৪টি, উপস্থিত যুবকিশোর-৩৫জন ও যুবকিশোর-৩৭জন, কেন্দ্রে কিশোর-কিশোরীদের আগমন ১৯৮জন, নতুন কিশোর-কিশোরী ভর্তি -৪জন, কেন্দ্রে পরামর্শ সেবা প্রদান করা হয় ৩৬ জনকে, চিকিসা সেবা দেওয়া হয় ৪৬ জনকে ও লাইব্রেরীতে বই পড়তে কিশোর-কিশোরীদের আগমন ২৩ জন। এছাড়া সংস্থার কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	আরএইচস্টেপ-আলোর ধারা
১০।	জনাব মো: আজিজুর রহমান, সহ: হিসাব কর্মকর্তা, মেরী স্টোপস বাংলাদেশ বলেন, পুরুষ বন্ধ্যাকরন ৬ জন, মহিলা বন্ধ্যাকরন ৪৭ জন, আইইউডি ৪৫ জন, ইমপ্লাই ১৫৬ জন, ডিপো ৮৬ জন, পিল ১৮১ জন, এম আর ৩০৯ জন, নরমাল ডেলিভারী ১০ জন, সিজিরিয়ান ডিলিভারী ১০২ জন, ইপিআই ৫৩৫ জন গর্ভবতী মায়ের সেবা ৫০৮ জন, সাধারণ স্বাস্থ্য সেবা ৫৫ জন, প্রজনন স্বাস্থ্য সেবা ৮৯০ জনকে সেবা প্রদান করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেরী স্টোপস বাংলাদেশ
১১।	জনাব মারুফ আহমদ চৌধুরী, ক্লিনিক ম্যানেজার, দি গ্লেনকো ফাউন্ডেশন বলেন, তার সংস্থা জন্মগত পী বাকা শিশুদের নিয়ে কাজ করে। প্রতি সপ্তাহে দুই দিন সিলেট এম.এ.জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ফ্রি সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়া অর্থোপেডিক সার্জন দিয়ে অপারেশন করা হয়ে থাকে মর্মে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	দি গ্লেনকো ফাউন্ডেশন
১২।	জনাব এ.এইচ.এম ফজলে রাব্বি চৌধুরী, ফিন্যান্স এন্ড এডমিন অফিসার, আকবেট বলেন, বিগত মাসে তার সংস্থার মেডিকেল ক্যাম্প আকবেট এর সকল সেন্টরে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া শিশু শ্রমের বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য অভিভাবক সভা অনুষ্ঠিত হয়।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	আকবেট।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩।	জনাব মনিরুজ্জামান, কমিউনিটি মবিলাইজার, ইউসেপ বাংলাদেশ জানান, তার সংস্থা শ্রমজীবী শিশুদের নিয়ে কাজ করে। সাধারণ শিক্ষা কার্যক্রমের আওতায় সিলেট সদর উপজেলায় অবস্থিত দুটি স্কুলে মোট ১০৭৩ জন ছাত্রছাত্রী রয়েছে। তিনি আরো বলেন, সদর উপজেলার বটেশ্বরে অবস্থিত একটি টেকনিক্যাল স্কুলে দুটি ট্রেডে কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া জব প্লেসমেন্ট কর্মসূচির আওতায় জুলাই-ডিসেম্বর ২০১৭ সেশনে গ্রাজুয়েট হয়েছে ৪১০ জন এবং এ পর্যন্ত ১১৫ জনকে বিভিন্ন কোম্পানীতে কর্মসংস্থান করা হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউসেফ- বাংলাদেশ।
১৪।	জনাব মো: তৈয়ব আলী, মাঠ সমন্বয়ক, এফআইভিডিবি জানান, তার সংস্থার প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় সিলেট জেলার সদর উপজেলার খাদিমপাড়া, খাদিমনগর ও কান্দিগাও ইউনিয়নে ৭টি প্রাথমিক বিদ্যালয়ে সহায়তা প্রদান করা হচ্ছে এবং সূচনা প্রকল্পের আওতায় মোট ৪০,১৮৯ জন উপকারভোগীকে গ্রীষ্মকালীন বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করে কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এফআইভিডিবি সিলেট।
১৫।	জনাব দেওয়ান হাছিব রাজা চৌধুরী, এসডিএএফ, বলেন, তার সংস্থা তথ্য ও সচেতনতার মাধ্যমে নারী, শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা প্রদান করে থাকে। এছাড়া জাতীয় ও আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবসে র্যালি ও আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে থাকে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	এসডিএএফ
১৬।	জনাব মো: আবুল বারাকাত, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইসলামিক রিলিফ বাংলাদেশ জানান, তার সংস্থা সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়নে দরিদ্র মানুষের মাঝে সেনিটারি ল্যাট্রিন এবং টিউবওয়েল বিতরণ করেছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে জানান।	কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইসলামিক রিলিফ বাংলাদেশ
১৭।	বিবিধ: ১। আগামী সভায় ব্র্যাক কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। ২। এনজিও ডাইরেক্টরি প্রস্তুতের বিষয়ে নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন বলেন, এনজিও ডাইরেক্টরি প্রস্তুতের জন্য ১৬টি এনজিও এখনো প্রোফাইল প্রেরণ করেনি। যেসব এনজিও এখনো প্রোফাইল প্রেরণ করেনি সেসব এনজিওকে জরুরী ভিত্তিতে প্রোফাইল প্রেরণের জন্য অনুরোধ করা হয়।	১। আগামী সভায় ব্র্যাক কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। এনজিও ডাইরেক্টরি প্রস্তুতের জন্য যেসব এনজিও এখনো প্রোফাইল প্রেরণ করেনি সেসব এনজিও কর্তৃক জরুরী ভিত্তিতে প্রোফাইল প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৭।	বিবিধ: ৩। এনজিও পোর্টালে তথ্য আপলোড সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা এর নিকট যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ০৪। সভায় আহ্বায়ক, এনজিও ডাইরেক্টরি প্রস্তুত সংক্রান্ত উপ-কমিটিকে দুত ডাইরেক্টরি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	৩। এনজিও পোর্টালে তথ্য আপলোড সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা এর নিকট যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। এনজিও ডাইরেক্টরি প্রকাশের জন্য দুত ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

সভায় এনজিও ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ তাদের প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করায় উপস্থিত সকল সদস্য ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(নুমেরী জামান)

জেলা প্রশাসক
সিলেট।


ফোন : ০৮২১-৭২৬১০০ (অঃ)

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২১.৪৫.০০৭.১৭. ২৪০ (২২ ৩)

তারিখ: ২৭ ফেব্রুয়ারী ১৪২৫
২০/০৭/২০১৮

বিতরণ : কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭।
- ২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
- ৪। পুলিশ সুপার, সিলেট।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
- ৬। সিভিল সার্জন, সিলেট।
- ৭। উপজেলা চেয়ারম্যান.....(সকল), সিলেট।
- ৮। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার(সকল)....., সিলেট।
- ১১। উপ-পরিচালক.....সিলেট।
- ১২। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
- ১৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
- ১৪। জেলা ত্রাণ ও পূর্ববাসন অফিসার, সিলেট।
- ১৫। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
- ১৬। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
- ১৭। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
- ১৮। জনাব....., সিলেট
- ১৯। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/শিক্ষা, সিলেট।
- ২১। অফিস কপি/ মাস্টার কপি।


সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
ফোন : ০৮২১-৭২৬৬২৬ (অঃ)

পরিশিষ্ট - 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):

১. জনাব মো: তমির হোসেন চৌধুরী, প্রবেশন অফিসার, জেলা সমাজ সেবা কার্যালয়, সিলেট।
২. জনাব মো: তৈয়ব আলী, ফিল্ড কো-অর্ডিনেটর, এফআইভিডিবি।
৩. জনাব মনিরুজ্জামান, কমিউনিটি মবিলাইজার, ইউসেফ, সিলেট।
৪. জনাব বিভাষ চন্দ্র তরফদার, জেলা ব্যাক প্রতিনিধি।
৫. জনাব এ.এইচ.এম ফজলে রাকী চৌধুরী, ফিন্যান্স এন্ড এডমিন অফিসার, আকবেট।
৬. জনাব কাজী মো: আবুল কালাম আজাদ, নির্বাহী পরিচালক, এওয়ার্ড।
৭. জনাব নিজাম উদ্দিন, প্রজেক্ট অফিসার, উত্তরণ, সুইসকন্ট্যাক্ট।
৮. জনাব মো: ইরফানুজ্জামান, কো-অর্ডিনেটর, ব্লাস্ট, সিলেট।
৯. জনাব মো: ইউসুফ আলী, পরিচালক, এস ও এস শিশু পল্লী, সিলেট।
১০. জনাব তামান্না আহমদ, প্রজেক্ট কো-অর্ডিনেটর, আইডিয়া, সিলেট।
১১. জনাব চয়ন চক্রবর্তী, জুনিয়র প্রোগ্রাম অফিসার, কারিতাস, সিলেট।
১২. জনাব ফিলিপ সমদার, এসিস্ট্যান্ট ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ, আলোর ধারা।
১৩. জনাব মো: ফারুক আহমদ, পরিচালক প্রোগ্রাম, জৈন্তা ছিন্নমূল সংস্থা (জেছিস)।
১৪. জনাব মারুফ আহমদ চৌধুরী, ক্লিনিক ম্যানেজার, দি গ্লেনকো ফাউন্ডেশন।
১৫. জনাব মো: সুহেল হোসেন, প্রতিনিধি, সিলেট যুব একাডেমী।
১৬. জনাব ফয়েজ আহমদ, সিলেট যুব একাডেমী।
১৭. জনাব মো: আজিজুর রহমান, সহ. হিসাব কর্মকর্তা, মেরী স্টোপস বাংলাদেশ।
১৮. জনাব চৌধুরী মো: কামরুল হাসান, সেন্টার ম্যানেজার, সিআরপি।
১৯. জনাব রিজ্বা দাস, সিনিয়র প্রজেক্ট অফিসার, সেভ দ্য চিলড্রেন।
২০. জনাব নাছরিন বানু, সহকারী পরিচালক, ভার্ড।
২১. জনাব আবুল কালাম আযাদ, নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন।
২২. জনাব ডিজি রুমু, গ্রীণ ডিসএবল্ড ফাউন্ডেশন (জিডিএফ)।
২৩. জনাব মো: মোছাব্বের রহমান, উপজেলা প্রকল্প সমন্বয়কারী, আরডিআরএস বাংলাদেশ।
২৪. জনাব মঞ্জু মারিয়া পালমা, এপিপি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন, বাংলাদেশ।
২৫. জনাব প্রতিনিধি, ওয়ার্ল্ড ভিশন, বাংলাদেশ।
২৬. জনাব মো: আবুল বরাকত, সহকারী একাউন্টস অফিসার, ইসলামিক রিলিফ বাংলাদেশ।
২৭. জনাব হুমায়ুন ইসলাম কামাল, চেয়ারপার্সন, সমাজ উন্নয়ন সংস্থা (সাস)।
২৮. জনাব মো: কামাল হোসেন, প্রতিনিধি, সীমান্তিক।
২৯. জনাব আবুল কুমার সিংহ, প্রোগ্রাম অর্গানাইজার, আরডব্লিউডিও।
৩০. জনাব নাসির উদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, রিডো অব বাংলাদেশ।
৩১. জনাব শাহ সাহেদা আখতার, বেলা, সিলেট।
৩২. জনাব মাসুম আহমদ চৌধুরী, টিআইবি, সিলেট।
৩৩. জনাব সুমন সেখ, ক্লিনিক ম্যানেজার, এসএসকেএস।
৩৪. জনাব আহাদ আলী দেওয়ান, ডিআইসি ম্যানেজার, বন্ধ সোসিয়াল ওয়েলফেয়ার সোসাইটি।
৩৫. জনাব সিম্ন বৈদা, শিবগঞ্জ চাইল্ড স্পন্দরশীপ প্রোগ্রাম।
৩৬. জনাব জামিল চৌধুরী, নির্বাহী পরিচালক, গ্রামীণ জনকল্যাণ সংস্থা।
৩৭. জনাব ফয়ছল আহমদ, ম্যানেজার, জালালাবাদ অর্গানাইজেশন।
৩৮. জনাব কামরুল ইসলাম, নির্বাহী পরিচালক, সপ্তবাক ফাউন্ডেশন।
৩৯. জনাব মো: আসফাকুররহমান, টিআইবি, সিলেট।
৪০. জনাব মো: কবির হোসেন, রাখা ম্যানেজার, বুয়ো বাংলাদেশ।
৪১. জনাব মো: আব্দুর রহমান, প্রতিনিধি, আশার আলো সোসাইটি।
৪২. জনাব দেওয়ান হাসিব রাজা, নির্বাহী পরিচালক, এসডিএএফ, সিলেট।
৪৩. জনাব মো: সূজন মিয়া, প্রতিনিধি, এসডিএএফ, সিলেট।
৪৪. জনাব শহীদ আহমদ খান, পরিচালক, বৃক্ষছায়া, সিলেট।

পরিশিষ্ট 'খ'

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

১. উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ঢাকা-১০০০।
২. সিভিল সার্জন কার্যালয়, সিলেট।
৩. পুলিশ সুপার, জেলা পুলিশ, সিলেট।
৪. জনাব হাসিনা ইয়াসমিন, এডিপিইও, সিলেট।
৫. জনাব মো: মাহবুবুল হক, সহকারী পরিদর্শক, জেলা শিক্ষা অফিস, সিলেট।
৬. সহকারী পোস্ট মাস্টার জেনারেল, সিলেট।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৮. উপজেলা চেয়ারম্যান.....(সকল) সিলেট।
৯. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১০. উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট।
১১. উপজেলা নির্বাহী অফিসার,(সকল), সিলেট।
১২. জনাব মো: নজরুল ভূইয়া, সহকারী পরিচালক, উপনৃত্তানিক শিক্ষা ব্যুরো, সিলেট।
১৩. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
১৪. জনাব শামসুল রাসেল খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১৫. পরিচালক, পল্লিবেশ অধিদপ্তর, সিলেট।
১৬. প্রতিনিধি, হিউম্যান রাইটস, সিলেট।
১৭. প্রতিনিধি, সৈয়দ নুরুদ্দিন আহমদ ফাউন্ডেশন।
১৮. প্রতিনিধি, বিএসডব্লিউএস সিলেট।
১৯. প্রতিনিধি, অঞ্জীকার জনকল্যাণ সংস্থা।
২০. প্রতিনিধি, HDO, সিলেট।
২১. পূর্বাশা যুব কল্যাণ সংস্থা, আখালিয়া বাজার, সিলেট।
২২. মো: আনহার উদ্দিন, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা।
২৩. জনাব সাবিনা ইয়াসমিন, গণ উন্নয়ন গ্রন্থাগার।
২৪. জনাব হাবীব আহমদ শিহাব, সদস্য, পিজিআইসি।
২৫. জনাব ছাদিকুর রহমান, সাধারণ সম্পাদক, সিলেট জেলা মটর সাইকেল ইঞ্জিনিয়ার এসোসিয়েশন।
২৬. জনাব ফাতেমা জামাত, সভাপতি, নুরানী সমাজ উন্নয়ন সংস্থা।
২৭. জনাব সত্যজিত দত্ত পুরকায়স্থ, ক্যাম্পেইন অফিসার, সিক্যান, পিএসটিসি।
২৮. নির্বাহী সদস্য জনাব মাছুম, আরজদ আলী স্মৃতি পাঠাগার।
২৯. জনাব কাওসার আহমদ, প্রতিনিধি, বিএসডব্লিউএস।
৩০. মো: মোস্তফা মিয়া, নির্বাহী পরিচালক, কার্ড।
৩১. বিভাগীয় কো-অর্ডিনেটর, বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি।
৩২. জনাব মো: আ: আজিম, প্রতিনিধি, KYAG।
৩৩. মো: আলী আমজাদ, প্রতিনিধি, পদক্ষেপ।
৩৪. জনাব মো: শাহীন আক্তার, হীড, বাংলাদেশ।
৩৫. জনাব লবনী পার্ভী, প্রকল্প সমন্বয়কারী, পাত্র সম্প্রদায় কল্যাণ পরিষদ (পাসকপ)।
৩৬. জনাব মো: শাহীন, প্রতিনিধি, সিএসআইডি, সিলেট।
৩৭. জনাব রোকসানা বেগম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ইকোয়ালিটি সোসাইটি।
৩৮. জনাব মো: ফিরোজুর রহমান, জেলা ম্যানেজার, আশা।
৩৯. জনাব মো. সালেখ মিয়া, প্রোগ্রাম অফিসার, ব্র্যাক।
৪০. জনাব সুজন উদ্দিন, সভাপতি, লিডিং পাওয়ার সোসাইটি।
৪১. জনাব বাবুল আক্তার, আঞ্চলিক সমন্বয়কারী, এডাব।
৪২. জনাব আশিক ইকবাল, আইডিই, বাংলাদেশ।
৪৩. জনাব নোং পকলে সিনহা, সমন্বয়কারী, একডো।
৪৪. জনাব মাসুম আহমদ চৌধুরী, সাধারণ সম্পাদক, প্রতিবন্ধী নাগরিক পরিষদ।
৪৫. জনাব জামিল আহমদ চৌধুরী, নির্বাহী পরিচালক, নি:স্ব সহায়ক সংস্থা।
৪৬. জনাব রিপন মিয়া, এডমিনিস্ট্রেটিভ অফিসার, ইএইচডিএস, সিলেট।
৪৭. প্রতিনিধি, মিশনারিজ অব চেরিটি।
৪৮. জনাব খন্দকার মশিউর রহমান, রিজিওনাল ম্যানেজার, এনজিও ফোরাম ফর পাবলিক হেলথ।
৪৯. জনাব কায়ছারুল হক চৌধুরী, প্রজেক্ট কো-অর্ডিনেটর, যমযম, বাংলাদেশ।
৫০. জনাব রামেন সরকার, সিনিয়র অফিসার, সেভ দ্য চিলড্রেন।
৫১. জনাব মো: জাকিরুল ইসলাম, জেলা কর্মকর্তা, এফপিএবি।
৫২. জনাব মো: আবু নাসির বেপারী, নির্বাহী পরিচালক, এ্যাডলো।
৫৩. জনাব মো: আব্দুর রহিম, প্রতিনিধি, টিএমএসএস, সিলেট।